

দৈনিক ইত্তেফাক

তারিখ
গঠা ৪ কলাম ১৫

NOV. 12 2009

ঢাকা বিশ্ববিদ্যালয় ভর্তি কমিটির দৃষ্টি আকর্ষণ

ভর্তি পরীক্ষা মানে যুদ্ধ। আর তা যদি হয় বিশ্ববিদ্যালয় পর্যায়ের তা হলে তো কথাই নেই। আর কিছুদিন পরেই ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। বর্তমানে বিশ্ববিদ্যালয়ে পরীক্ষা দেবার যোগ্যতা অর্জন করাটা ভাগ্যের ব্যাপার। প্রতি বছর ভর্তি পরীক্ষার সময় দেখা যায় ধরাবাধা বিভিন্ন নিয়মের জন্য অনেক মেধাবী ছাত্র-ছাত্রী ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারে না। আবার অনেক কম মেধাবী ছাত্র-ছাত্রী ভর্তি পরীক্ষায় অংশ নিতে পারে। যেমন- ঢাকা বিশ্ববিদ্যালয়ের য ইউনিট পরীক্ষার জন্য বাংলা ও ইংরেজী বিষয়ে ৫০% প্রয়োজন। এতে বিশেষ করে বিজ্ঞান বিভাগের ছাত্র-ছাত্রীদের বিশেষ দুর্ভোগ পোহাতে হয়। হয়ত তারা অন্যান্য বিষয়ে লেটার মার্কস পেলে কিন্তু বাংলা ও ইংরেজীতে ৫০% মার্কস পেলো না আর তাই তারা য ইউনিটে অংশগ্রহণ করতে পারে না। তাছাড়া য ইউনিটে ছাত্র-ছাত্রীরা যেসব বিষয়ে পড়ার সুযোগ পাবে, সব বিষয়ে যে বাংলা ও ইংরেজীর বিশেষ গুরুত্ব রয়েছে তা কিন্তু নয়। সুতরাং এই ধরাবাধা নিয়ম পরিবর্তন করে অন্যান্য ইউনিটের মত মেধাবী ছাত্র-ছাত্রীদের ভর্তি পরীক্ষায় সুযোগ দিয়ে মেধার যাচাই করতে ঢাকা বিশ্ববিদ্যালয় ভর্তি কমিটির দৃষ্টি আকর্ষণ করছি।

রাশেদ হাসান, sbs
সরকারী জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজ,
ঢাকা।